



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

(www.barisalboard.gov.bd)

স্মারক নং বশিবো/পনি/ এসএসসি-(১/(২)/২০১৫/৪০৫

তারিখঃ ১১ জানুয়ারি ২০১৫

বিষয়ঃ ২০১৫ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ এবং কেন্দ্রসচিবগণের সঙ্গে মতবিনিময় সভা

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল নিম্নবর্ণিত তারিখে পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) মালামাল গ্রহণ করতে পারবেন। হাজিরাশিট, প্রবেশপত্র ও অন্যান্য মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	বরগুনা ও ভোলা	২০/০১/২০১৫	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	পিরোজপুর ও পটুয়াখালী	২১/০১/২০১৫	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	ঝালকাঠী ও বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ, মুলাদী, হিজলা উপজেলাধীন সকল কেন্দ্র	২২/০১/২০১৫	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৪।	বরিশাল জেলাধীন অবশিষ্ট সকল কেন্দ্র	২৬/০১/২০১৫	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বিঃ দ্রঃ প্রবেশপত্রে কোন ভুল থাকলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ০১/০২/২০১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে উপস্থিত হতে হবে। উল্লেখ্য উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা প্রদানপূর্বক সংশোধন করা যাবে।

উল্লেখ্য পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা জমা দিতে হবে।

খ) এসএসসি পরীক্ষা-২০১৫ কেন্দ্রসচিবগণের সঙ্গে মতবিনিময় সভা আগামী ২৭ জানুয়ারি, ২০১৫ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০টায় বোর্ড চত্বরে অনুষ্ঠিত হবে। যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

কেন্দ্র সচিব

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র

✓ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

ফোন: ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল: barisalboard@gmail.com